দৈনিক সংবাদ

024

তারিখ 12 SEP 1987
পৃষ্ঠা 7 কলাম 4

# শিক্ষা দিবস উপলক্ষে কর্মসূচী শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

শিক্ষা দিবস উপলক্ষে ছাত্র সংগঠনগুলো ঘোষিত সপ্তাহব্যাপী কর্মসূচী গত বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশের এক বিবৃতিতে (মোস্তাফিজুর রহমান, বাবুল স্বাক্ষরিত) জানানো হয়েছে কর্মসূচীর প্রথম দিনে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বর্ধিত ছাত্রবেতনের বিরুদ্ধে ছাত্র সমাবেশ ও মিছিল হয়েছে। বেশী বেতন দিতে অস্বীকার করে রাজধানীর নারিন্দা সরকারী হাই স্কুলের ছাত্ররা ক্লাস বর্জন করে মিছিল বের করে।

পরিষদের অপর অংশ ঘোষিত কর্মসূচীর প্রথম দিনে বৃহস্পতিবার সকালে বর্ধিত ছাত্রবেতন বাতিলের দাবীতে ঢাকা কলেজে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। পরিষদের নেতৃবৃন্দ পরে গভঃ ল্যাবরেটরী স্কুলে আরেকটি ছাত্র সমাবেশে যোগ দেন। আশরাফুল হক মুকুল এবং জাহাঙ্গীর আলম রুবেল এখানে বক্তব্য রাখেন।

সপ্তাহব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে সংগ্রামী ছাত্র জোটের উদ্যোগেও ঐদিন ঢাকা কলেজে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রবেতন বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে সেখানে বক্তব্য রাখেন আমানুল্লাহ আমান, আবুল বাশার লস্কর, নাজিমউদ্দিন আলম, আলী আহমদ শহীদ প্রমুখ। পরে একটি মিছিল বের করা হয়।